

Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 05 July, 2025

গাইবান্ধার সাদুল্লাপুর উপজেলায় জলবায়ু পরিবর্তনজনিত সংকট ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় বৃক্ষরোপণ, বিএনপির প্রস্তাবিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা লিফলেট বিতরণ এবং একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

৪ জুলাই (শুক্রবার) বিকেলে সাদুল্লাপুর বহুমুখী মডেল পাইলট উচ্চ বিদ্যালয় সংলগ্ন কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে এ কর্মসূচির আয়োজন করে জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস) সাদুল্লাপুর উপজেলা শাখা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা জাসাস সভাপতি মাসুদ মিয়া, এবং সঞ্চালনায় ছিলেন সাধারণ সম্পাদক সাদেকুল ইসলাম পান্না।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাসাস কেন্দ্রীয় কমিটির যুগ্ম-আহ্বায়ক অ্যাডভোকেট ফরহাদ হোসেন নিয়ন।

বক্তব্য দেন গাইবান্ধা জেলা জাসাসের আহ্বায়ক বজলুল করিম রপু ও সদস্যসচিব খান মোহাম্মদ কাওসার ওয়াহিদ সূজন।

এ সময় কেন্দ্রীয়, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের নেতাকর্মীরাও অংশ নেন।

বক্তারা জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব থেকে দেশ ও ভবিষ্যৎ প্রজন্মকে রক্ষায় সচেতনতা তৈরির ওপর গুরুত্ব দেন এবং রাজনৈতিক সংস্কার ও রাষ্ট্র মেরামতের প্রয়োজনীয়তা তুলে ধরেন।

পরে অনুষ্ঠানের অংশ হিসেবে প্রতীকী বৃক্ষরোপণ কর্মসূচি ও লিফলেট বিতরণ কার্যক্রম পরিচালিত হয়।

গাইবান্ধা বৃক্ষরোপণ বিএনপি